

60

তারিখ ... 05 JUN 1993 ...

পৃষ্ঠা ... ৫ ...

আজকের কাগজ

সবার জন্যে শিক্ষা শ্লোগান বাস্তবায়ন

আগামী দু'হাজার সাল নাগাদ দেশের সকল মানুষের স্বাস্থ্য ভালো হয়ে উঠবে এবং সকলেই শিক্ষিত হবে। সরকারের চমকদেয়া শ্লোগান শুনে আমার এই বিশ্বাস অত্যন্ত দৃঢ় হয়েছে। বেননা বর্তমান সরকার 'গণতান্ত্রিক' সরকার। আমরা জনগণ নির্বাচনের মাধ্যমে এই সরকারকে ক্ষমতা দিয়েছি বলেই এই সরকারের প্রতিটি কথা বিশ্বাস করার মতো আমাদের যুক্তিসংগত কারণ আছে। সে কারণে সরকারের প্রতি আমার পূর্ণ আস্থা ও বিশ্বাস অটুট রয়েছে। সে বিশ্বাস থেকেই আমি বলতে পরি— যে শিশু রাস্তার পাশে বসে তার মা বা বাবার সঙ্গে পাথর ভাঙছে সে অশিক্ষিত থাকবে না; ২০০০ সাল আসার সঙ্গে সঙ্গেই তার ঘর শিক্ষার আলোকিত হয়ে উঠবে। ঐ শিশুর অসুস্থ বাবা যে পাঁচ-সাত বছর যাবৎ সুচিকিৎসার অভাবে রুগ্ন হয়ে ঘরে বসে ধুঁকে ধুঁকে মরতে বসেছে সেও ২০০০ সাল এলে সম্পূর্ণ সুস্থ হয়ে হাসি-খুশিতে বাকি জীবন কাটাতে পারবে। বর্তমান সরকার 'বৈরাচারী' সরকার হলে 'সবার জন্যে স্বাস্থ্য' ও 'সবার জন্যে শিক্ষা' শ্লোগানটিকে 'বৈরাচারের' প্রপাগান্ডা বলেই ধরে নিতাম। কিন্তু না আমাদের সৌভাগ্য যে; বর্তমানে দেশে বৈরাচারী সরকার



নেই, আছে আমাদের কাজিক্ত গণতান্ত্রিক সরকার। আর এই সরকার কথায় নয় কাজে নিশ্চয় বড় হবে!

শিক্ষা ক্ষেত্রে এখনো চরম বৈষম্য রয়েছে এ কথা সত্যি। বৈরাচার সরকারী এই বৈষম্য দূর করার জন্যে কোনো বাস্তব পদক্ষেপ গ্রহণ করেনি বলে বৈষম্য কমেনি, বরং বেড়েছে। গণতান্ত্রিক সরকার সূশাসনের ফলে কোনো ক্রমেই আয় বৈষম্য থাকবে না। শেখ মুজিবুর রহমানের সরকার প্রাইমারী শিক্ষাকে জাতীয়করণ করে শুধুমাত্র প্রাইমারী শিক্ষকদের কাছে প্রিয়পাত্র হয়েছেন, বর্তমান সরকার সকল শিক্ষাকে জাতীয়করণ করে সরকারি বেসরকারি এই দু'ধরনের শিক্ষাকে সমন্বিত করে সকল শিক্ষাকে জাতীয়করণ করে একটি বিরল দৃষ্টান্ত সৃষ্টি করবেন। তবে এ ক্ষেত্রে আমলাদের তরফ থেকে কিছুটা বাধা সৃষ্টি হতে পারে, কিন্তু সরকারপ্রধান তাদের সঙ্গে আপোষ না করে অত্যন্ত দৃঢ়তার পরিচয় দেবেন এবং সবার জন্যে শিক্ষা শ্লোগান বাস্তবায়নে বাস্তবসম্মত পদক্ষেপ নেবেন আশাকরি। এ কথা সত্যি যে সবার জন্যে স্বাস্থ্য শ্লোগান বাস্তবায়নের জন্যে হলেও শিক্ষিত জনগোষ্ঠী প্রয়োজন আগে।

মওলানা হাবিবুর রহমান

বাসস্ত্যান্ড পাড়া,

বাগেরহাট।